



সাথে চলা

স্ত্রীর কি তাঁর স্বামীর প্রতি আকাঞ্চ্ছা থাকা উচিত?

না। আদি ৩:১৬ পদের প্রেক্ষাপটে নয়। ঈশ্বর নারীকে বলেন:

“স্বামীর প্রতি তোমার বাসনা থাকিবে, আর সে তোমার
উপর কর্তৃত্ব করিবে”

এই বাসনা কেন ভাল জিনিস নয়? এই বাসনা বলতে কি বোঝায়?

বাসনা এসেছে হিকু শব্দ সুকাহ **T'SUQAH** (“tuh-soo-kah”) থেকে।

পুরাতন নিয়মে এই শব্দ ও বার ব্যবহৃত হয়েছে। আদি ৩:১৬, আদি ৪:৭, পরমগীত ৭:১০।

মূল শব্দ

গুঁষ্ট

t'suqah

T'SUQAH = বাসনা নাকি ফিরানো/বদলানো।

T'suqah = বাসনা

বর্তমানকালে প্রায় প্রতিটি বাইবেল অনুবাদ এবং ব্যাখ্যা করে **t'suqah** অর্থ বাসনা। এই বাসনা বলতে আসলে বোঝায় শারিয়াক বাসনা বা স্বামীদেরকে নিয়ন্ত্রণ করার বাসনা/আকাঞ্চ্ছা।

যাইহোক, ১৫২৮ সালের পূর্বে কেউই **t'suqah** কে বাসনা বা কামনা অনুবাদ করেনি। ১৫২৮ সনে, পেজিনো নামে একজন ডমিনিকান সন্ত্যাসী এই শব্দটিকে কামনা, বাসনা অথবা নিয়ন্ত্রণ হিসেবে অনুবাদ করেন। তিনি রাবিনিক ঐতিহ্যের দিকে মারাত্মক ভাবে ঝুঁকে ছিলেন, যা নারীদের শারিয়াক কামনার কথা বলে। আরও জানার জন্য ইহুদি টালম্যাতে হবার দশটি অভিশাপের ব্যপারে দেখুন।

সুগাহ T'suqah = ফিরানো বা বদলানো

আমাদের অবশ্যই দেখতে হবে ১৫২৮ সনের পূর্বে এই শব্দটিকে কি অনুবাদ করা হতো- ১২ টি পুরাতন অনুবাদের প্রতিটি এই শব্দ ফিরানো বা বদলানো(ইংরেজিতে টার্নিং) হিসেবে অনুবাদিত হয়েছে। লাতিনীয়া এর অনুবাদ করেছে “conversio,” এবং সেন্টুজিস্টোরা (গ্রীক) এর অনুবাদ করেছে “apostrophe.” লাতিন এবং গ্রীক উভয়টিতে এই শব্দের প্রধান ধারণা বাসনা বা নিয়ন্ত্রণের পরিবর্তে বদলানো/ফিরানো

মূল শব্দ

apostrophe

apo থেকে *strophe* - ফেরা

পতনের পূর্বে, নারীরা কোন দিকে দৃষ্টি নিবন্ধ রেখেছিল? পতনের পর তার দৃষ্টি কোন দিকে গেল? পতনের পর নারী তার আনুগত্য ও মনোযোগের দৃষ্টি বৃহৎ থেকে ক্ষুদ্রের দিকে নিয়ে আসে। পতিত পৃথিবীতে নারী তার মনোযোগ ঈশ্বরের দিক থেকে সরিয়ে তার একনিষ্ঠতা পুরুষের প্রতি দেখানোর দিকে ঝুঁকে পড়ে।

নিরাপত্তা, উদ্দেশ্য, সুরক্ষার জন্য তীব্র আকাঞ্চ্ছা-তাও আবার ভুল উৎস থেকে।

যার ফলে সুস্পষ্টরূপেই, এই ফিরে যাওয়া অনেকগুলি দুঃখজনক ফলাফলের দিকে নিয়ে যায়।

উপসংহার

পতনের সময় অনেক কিছুর পরিবর্তন ঘটায়! পাপ শুধু যে পৃথিবীতে প্রবেশ করে এবং ঈশ্বরের সাথে মানুষের সহভাগিতা নষ্ট করে তা নয় বরং এটি নারী পুরুষের সম্পর্ককেও ক্ষতিহাত করে। **t'suqah**, শব্দটি দ্বারা ঈশ্বরের পতনের ফলে নারীর একটি ঝোঁকের কথা প্রকাশ করেছেন। তারা ঈশ্বরের কাছে নিজেদেরকে উৎসর্গ করতে মুশকিলে পড়বে। - বরং তার থেকে পুরুষের একটি হাসি তাদের বেশি পছন্দনীয় হবে। আজকের দিন পর্যন্ত প্রায় প্রতিটি বিশ্বাসী তাদের দৃষ্টি, আকাঞ্চ্ছা এবং ফোকাস ঈশ্বরের দিকে নিবন্ধ রাখতে যুদ্ধ করে। বরং পৃথিবীর দিকে ঝুঁকে পড়া তাদের জন্য সহজ।



৪ টি গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. এই পৃষ্ঠাটি ঈশ্বর সম্পর্কে আমাদেরকে কি শেখায়?
২. জাতি বা লোক সম্পর্কে কি শিক্ষা দেয়?
৩. আমি কোন আদেশটি পালন করবো?
৪. আমি এটি কার কাছে বলতে পারি?

*১২ টি প্রাচীন অনুবাদ যা **t'suqah** কে ফিরানো/বদলানো অনুবাদ করেছে: * গ্রীক সেন্টুজিয়ান্ট, সিরিয়া পেশিতা, সামারিটান পেশিয়াখ, ওল্ড লাটিন, সাহিতিক, বোহারিক, ইথিওপিক, আয়ারবিক, আয়াকুইলাস গ্রীক, সাইমাচুস গ্রীক, থিওডেশনস্ গ্রীক, এবং লাতিন ভালগেট। এই অনুবাদগুলিতে কে ২১ বারের মধ্যে ১৮ বারই ফিরানো/ বদলানো বলা হয়েছে।

আরও গবেষণা দেখুন:

ক্যাথরিন বুশনেল, ওয়াল্টার কাইসার